

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৫২

আগরতলা, ১৮ ফেব্রুয়ারি, ২০২৬

সি-বক্স পোর্টাল বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি
নারীদের সশক্তিকরণ, মর্যাদা ও অধিকার রক্ষায়

কেন্দ্র ও রাজ্য সরকার কাজ করছে : সমাজ কল্যাণ মন্ত্রী

রাজ্যে কর্মরত মহিলাদের সুবিধার্থে বিভিন্ন জায়গায় ১০টি ওয়ার্কিং ওমেন হোস্টেল তৈরী করা হচ্ছে। নারীদের সশক্তিকরণ, মর্যাদা ও অধিকার রক্ষা এবং দক্ষতা উন্নয়নের জন্য কেন্দ্র ও রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে। আগরতলার প্রজ্ঞাভবনে আজ সি-বক্স পোর্টাল বিষয়ক একদিনের রাজ্যস্তরীয় প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায় একথা বলেন। এই প্রশিক্ষণ কর্মসূচির উদ্যোক্তা সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর।

সমাজ কল্যাণ মন্ত্রী বলেন, কর্মক্ষেত্রে নারীদের নিরাপত্তা ও মর্যাদা সুনিশ্চিত করার লক্ষ্যে এই প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে। তিনি শ্রম কোড এবং তাতে অন্তর্ভুক্ত মহিলাদের অধিকার রক্ষার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি আশা প্রকাশ করেন সি-মাট'র মাধ্যমে মহিলাগণ আত্মনির্ভরতার দিকে আরও এগিয়ে যাবেন।

অনুষ্ঠানের বিশেষ অতিথি রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বার্ণা দেববর্মা কর্মক্ষেত্রে নারীদের সুরক্ষা বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন, কর্মক্ষেত্রে নারীরা যৌন হয়রানির শিকার হলে এই পোর্টালের মাধ্যমে তাদের অভিযোগ লিপিবদ্ধ করতে পারবেন। তিনি আশা প্রকাশ করেন সি-বক্স পোর্টাল কর্মক্ষেত্রে নারীদের সম্মান সুরক্ষিত রাখার ক্ষেত্রে সহায়ক ভূমিকা নেবে। অনুষ্ঠানে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের সচিব তপন কুমার দাস বলেন, সেক্সুয়াল হ্যারাসমেন্ট ইলেকট্রনিক বক্স পোর্টাল বা সি-বক্স পোর্টাল নারী ও শিশু উন্নয়ন মন্ত্রণালয়ের উদ্যোগে নির্মিত একটি নিরাপদ অনলাইন প্ল্যাটফর্ম। এই পোর্টালটিতে অভিযোগ লিপিবদ্ধ করার সঙ্গে সঙ্গে তা স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট অভ্যন্তরীণ কমিটির কাছে পৌঁছে যাবে। তাতে দ্রুত অভিযোগের নিষ্পত্তি করা সম্ভব হবে। অনুষ্ঠানে পোশ অ্যাক্ট নিয়ে শপথবাক্য পাঠ করানো হয়। আজ এই প্রশিক্ষণ কর্মসূচিতে আইন বিশেষজ্ঞ সুমিত গোস্বেল এবং এনআইসি'র কারিগরি বিশেষজ্ঞ মুকেশ কুমার সিং আলোচনায় অংশ নেন। এই কর্মশালায় বিভিন্ন দপ্তর থেকে প্রতিনিধিগণ অংশ নেন।
